



খাদ্যসার্থী



খাদ্য ও সরবরাহ দপ্তর

প্রকল্পের উদ্দেশ্য

সুলভ মূল্যে নির্দিষ্ট পরিমাণ খাদ্যের যোগান নিশ্চিত করে খাদ্য ও পুষ্টির নিরাপত্তা দেওয়াই এই প্রকল্পের উদ্দেশ্য। বর্তমানে খাদ্যশস্য বিনামূল্যে দেওয়া হচ্ছে।

কারা এই প্রকল্পটির সুবিধা পেতে পারেন

জাতীয় খাদ্য সুরক্ষা আইন এবং রাজ্য খাদ্য সুরক্ষা যোজনার মাধ্যমে অন্ত্যোদয় অন্ন যোজনা, অগ্রাধিকার তালিকাভুক্ত পরিবার, বিশেষ অগ্রাধিকার তালিকা ভুক্ত পরিবার ও রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা-১ এবং রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা-২ এর তালিকাভুক্ত পরিবারের সমস্ত মানুষ।

প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি

১) পরিবারের কোন সদস্যেরই যদি ডিজিটাল রেশন কার্ড না থাকে এবং পরিবারটি ভর্তুকি যুক্ত খাদ্যশস্যের আওতায় আসতে চান তাহলে -

- ৩ নম্বর ফর্ম পূরণ করতে হবে।
- আবেদনকারীর বয়স পাঁচ বছরের বেশি হলে আধার কার্ডের ফটোকপি জমা দিতে হবে। বয়স পাঁচ বছরের নিচে হলে জন্ম সার্টিফিকেট এর কপি দিলেও হবে।
- আবেদনকারীর নিজের বা পরিবারের কোন সদস্যের বৈধ মোবাইল নম্বর লাগবে।
- আধার কার্ডে উল্লেখিত ঠিকানা ভিন্ন অন্য ঠিকানা হলে সেই ঠিকানার প্রমাণস্বরূপ পাসপোর্ট/বিদ্যুতের বিল/ড্রাইভিং লাইসেন্স/পোস্টপেইড মোবাইল বিল/ ল্যান্ড লাইন ফোন বিল/ আয়কর মূল্যায়নের আদেশনামার কপি প্রয়োজন।

২) পরিবারের কিছু সদস্যের (যাদের রেশন কার্ড নেই) তাদের নতুন রেশন কার্ড করাতে চাইলে -

- ৪ নম্বর ফর্ম পূরণ করতে হবে।
- পরিবারের প্রধান বা অন্য কোন সদস্যের ডিজিটাল রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।
- আবেদনকারীর নিজের বা পরিবারের কোন সদস্যের বৈধ মোবাইল ফোন নম্বর লাগবে।
- বয়স পাঁচ বছরের নিচে হলে জন্ম সার্টিফিকেট এর কপি দিলেও হবে।

৩) রেশন কার্ডের তথ্য যেমন নাম ঠিকানা জন্মতারিখ ইত্যাদি সংশোধন করতে হলে -

- ৫ নম্বর ফর্ম পূরণ করতে হবে।
- বর্তমান ডিজিটাল রেশন কার্ডের প্রতিলিপি জমা দিতে হবে।
- প্রয়োজনীয় সংশোধনের সমর্থনে নথি যেমন ভোটার কার্ড, কিশান ক্রেডিট কার্ড, ব্যাংকের পাশবই, ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট এর ফটোকপি ইত্যাদি দিতে হবে।
- আবেদনকারীর আধার কার্ডের ফটোকপি জমা দিতে হবে।
- আবেদনকারীর নিজের বা পরিবারের কোন সদস্যের বৈধ মোবাইল ফোন নম্বর লাগবে।



খাদ্যসার্থী



খাদ্য ও সরবরাহ দপ্তর

৪) রেশন দোকান বা ন্যায্য মূল্যের দোকান পরিবর্তনের জন্য –

- ৬ নম্বর ফর্ম পূরণ করতে হবে পুরো পরিবারের ক্ষেত্রে, ১৩ নম্বর ফর্ম পূরণ করতে হবে আংশিক পরিবারের ক্ষেত্রে, এবং ১৪ নম্বর ফর্ম পূরণ করতে হবে বিবাহ জনিত কারনের জন্য।
- বর্তমান ডিজিটাল রেশন কার্ডের ফটোকপি লাগবে। • আবেদনকারীর আধার কার্ডের ফটোকপি দিতে হবে। • বিবাহের কারণে দোকান পরিবর্তন করতে চাইলে বিবাহ/ বিবাহ বিচ্ছেদ-এর শংসাপত্রের ফটোকপি জমা দিতে হবে। • আধার কার্ড/পাসপোর্ট/বিদ্যুতের বিল/ড্রাইভিং লাইসেন্স/পোস্টপেইড মোবাইল বিল/ লান্ড লাইন ফোন বিল/ আয়কর মূল্যায়নের আদেশনামার কপি প্রয়োজন • পরিবারের যে কোনও সদস্যের আধার কার্ডের ফটোকপি দিতে হবে।

৫) অন্য কোন কারণে রেশন কার্ড সমর্পণ করার জন্য –

- ৭ নম্বর ফর্ম পূরণ করতে হবে। • ডিজিটাল রেশন কার্ড জমা দিতে হবে। • মৃত্যুর শংসাপত্র হিসাবে শ্মশান ঘাট/ গোরস্থান থেকে প্রাপ্ত শংসাপত্রের ফটোকপি দিতে হবে।

৬) ভর্তুকিহীন রেশন কার্ড জেনারেল ক্যাটাগরির ডিজিটাল রেশন কার্ড পেতে হলে –

- ১০ নম্বর ফর্ম পূরণ করতে হবে • আধার কার্ড/পাসপোর্ট/বিদ্যুতের বিল/ড্রাইভিং লাইসেন্স/পোস্টপেইড মোবাইল বিল/ লান্ড লাইন ফোন বিল/ আয়কর মূল্যায়নের আদেশনামার কপি প্রয়োজন। • পাঁচ বছরের উর্ধ্ব হলে আধার কার্ডের ফটোকপি জমা দিতে হবে। বয়স পাঁচ বছরের নিচে হলে জন্ম সার্টিফিকেট এর ফটোকপি দিলেও হবে।

৭) ডিজিটাল রেশন কার্ডের সাথে আধার এবং মোবাইল নম্বরের সংযুক্তিকরণ করতে –

রেশন কার্ড, রেশন কার্ডধারীর আধার কার্ড এবং রেশন কার্ডধারীকে সশরীরে উপস্থিত থাকতে হবে।

৮) পরিবারের কোনও সদস্যেরই রেশন কার্ডের সাথে আধার কার্ড সংযুক্ত না থাকলে এবং কোনো প্রতিনিধি মারফত রেশন তুলতে চাইলে–

- ১৫ নম্বর ফর্ম/ কমন ফর্ম পূরণ করতে হবে • পরিবারের যে কোনও সদস্যের ডিজিটাল রেশন কার্ড জমা দিতে হবে। • পরিবারের প্রতিনিধির ডিজিটাল রেশন কার্ড ও আধার কার্ডের কপি লাগবে। • বয়স পাঁচ বছরের নিচে হলে জন্ম সার্টিফিকেট এর ফটোকপি দিলেও হবে। • আধার না থাকলে আধার এনরোলমেন্ট কপি অথবা মেডিকেল রিপোর্ট জমা করতে হবে।

যোগাযোগ

প্রতিটি ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণে খাদ্য পরিদর্শক অফিস। পুরসভার ক্ষেত্রে মহকুমা খাদ্য নিয়ামকের করণ অথবা রেশনিং অফিসারের করণ। এছাড়া খাদ্য ও সরবরাহ দপ্তরের শুক্রমুক্ত ফোন ১৯৬৭ ও ১৮০০-৩৪৫-৫৫০৫ প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা।